

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
সাধারণ শাখা
www.narail.gov.bd

মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

স্থান : জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষ
তারিখ : ৬ নভেম্বর ২০১৮, ২২ কার্তিক ১৪২৫
সময় : বিকাল ৩.৩০ টা
সভাপতি: আনজুমান আরা
জেলা প্রশাসক, নড়াইল

সভায় উপস্থিত সুধীমন্ডলী পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী সকলকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় এবং সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১০ অক্টোবর ২০১৮ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.১৮-১১১ নম্বর স্মারকে প্রেরিত মহান বিজয় দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রণীত জাতীয় কর্মসূচি এবং এ বিষয়ে গতবছরে এ জেলায় প্রণীত কর্মসূচি সভায় পাঠ করেন। আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়ন এবং তা বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত সকলকে মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানানো হয়। উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে জাতীয় কর্মসূচির আলোকে এ জেলায় মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য নিম্নরূপ কর্মসূচি প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

: মহান বিজয় দিবস-২০১৮ এর কর্মসূচি :

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়ন
১-১৬ ডিসেম্বর ২০১৮ সুবিধামত সময়ে	মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন	নড়াইল জেলার জনবহুল বিভিন্ন স্থান	সংশ্লিষ্ট উপকমিটি- অনুচ্ছেদ ৩:০২
১০ ডিসেম্বর ২০১৮ সোমবার	নড়াইল মুক্ত দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ (সকাল ৭.০০ টা), র্যালি (সকাল ৯.৩০ টা) ও আলোচনা সভা (সকাল ১০.০০ টা)	জেলা শিল্পকলা একাডেমি, নড়াইল (র্যালি- নড়াইল পুরাতন বাসটার্মিনাল হতে জেলা শিল্পকলা একাডেমি পর্যন্ত)	জেলা প্রশাসন, মুক্তিযোদ্ধা জেলা কমান্ড কাউন্সিল ও চিত্রা থিয়েটার, নড়াইল
১৪ ডিসেম্বর ২০১৮ শুক্রবার সকাল ৯:০০ টা	শিশুদের মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতা এবং শহীদ বুদ্ধিজীবী দিবসের প্রদীপ প্রজ্জ্বলন	জেলা শিল্পকলা একাডেমি, নড়াইল	সংশ্লিষ্ট উপকমিটি- অনুচ্ছেদ ৩:১৮
১৫ ডিসেম্বর ২০১৮ সুবিধামত সময়ে	জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা, ব্যানার ও ফেস্টিভন দ্বারা সু-সজ্জিতকরণ	নড়াইল শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৩
১৬ ডিসেম্বর ২০১৮ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং ভবন কর্তৃপক্ষ। পর্যবেক্ষণ উপকমিটি- অনুচ্ছেদ ৩:১৭
১৬ ডিসেম্বর ২০১৮ সূর্যোদয়ের সাথে সাথে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা	নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৪ [বি: দ্র: অনুচ্ছেদ ২১ অনুসরণীয়]
১৬ ডিসেম্বর ২০১৮ (জাতীয় পতাকা উত্তোলনের পর থেকে পর্যায়ক্রমে)	১ মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভে জেলা প্রশাসক ও বিভিন্ন সংগঠন কর্তৃক পুষ্পস্তবক অর্পণ	মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ, জেলা শিল্পকলা একাডেমি চত্বর	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৫ [বি: দ্র: অনুচ্ছেদ ২১ অনুসরণীয়]
	২ নড়াইলের বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া অনুষ্ঠান	জেলা জজ কোর্ট সংলগ্ন বধ্যভূমি	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৬ [বি: দ্র: অনুচ্ছেদ ২১ অনুসরণীয়]
	৩ বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ	নড়াইল পুরাতন বাসটার্মিনাল মোড়	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৫
	৪ নড়াইলের গণকবর জিয়ারত	পানি উন্নয়ন বোর্ড, রূপগঞ্জ, নড়াইল এর অফিস চত্বরে অবস্থিত গণকবর	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৭
	৫ জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে স্থাপিত বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ	জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, নড়াইল	সংশ্লিষ্ট উপকমিটি-অনুচ্ছেদ ৩:০৫

